**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-04–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

Election Political :

রাজ্যে লোকসভা নির্বাচন যত এগিযে আসছে বিভিন্ন রাজনৈতিক দল ও প্রার্থীদের মধ্যে প্রচার জোরদার হয়ে উঠেছে ।

গতকাল সন্ধ্যায় আগরতলায় শান্তিপাড়ায় বিজেপি দলের উদ্যোগে আয়োজিত এক সভায় বিজেপি নেতা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, ২০৪৭ সালের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বিকশিত ভারতের স্বপ্নপূরণের এই নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। দুর্নীতিমুক্ত ভারত গড়ার সংকল্প নিয়েছেন বলে তিনি উল্লেখ করেন। তিনি INDIA জোটের কাজকর্মের সমালোচনা করেন ।

*************

Lpksobha Election:

দেশের অন্যান্য রাজ্যেও লোকসভা নির্বাচনের প্রচারকাজ জোরদার ভাবে এগিয়ে চলেছে । বিভিন্ন রাজনৈতিক দলের নেতারা রোড 'শো', রেলি, সভার মাধ্যমে তাদের নিজ নিজ দলের প্রচার করছেন। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ কেরলে প্রচারে অংশ নেবেন । কংগ্রেস নেতা রাহুল গান্ধী ভান্ডারা গোন্ডিয়া লোকসভা আসনের জন্য প্রচারে অংশ নেন। এছাড়া কংগ্রেস দলের জাতীয় সভাপতি মল্লিকার্জুন সারগে নাগপুরের চম্বল চকে এক জনসভায়

অংশ নেন। উত্তরাখণ্ডেও লোকসভা নির্বাচনে উপলক্ষে ভোট প্রচার জমে উঠেছে। বিজেপি দলের বরিষ্ঠ নেতারা বিভিন্ন ধরনের প্রচারের মাধ্যমে ভোটযুদ্ধে দলের প্রচার চালাচ্ছেন।

**************

**BJP Manifesto:**

বিজেপি আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে গতকাল নির্বাচনী ইস্তেহার 'সংকল্পপত্র' প্রকাশ করেছে। এই 'সংকল্পপত্রে' অভিন্ন দেওয়ানী, বিধি এক জাতি এক নির্বাচন, সত্তরোর্ধ নাগরিকদের আয়ুষ্মান প্রকল্পে অন্তর্ভুক্ত করার এবং যুবক-নারী-কৃষক ও দরিদ্র মানুষের উন্নয়নের প্রতিশ্রুতি দেওয়া হয়। বিজেপি'র এই ইস্তেহারে প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনা পরবর্তী পাঁচ বছরের জন্য বিনামূল্যে রেশন সরবরাহের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। এছাড়া, গ্রামীন মহিলাদের ক্ষমতায়নের মাধ্যমে তিন কোটি লাখপতি দিদির সৃষ্টি, প্রধানমন্ত্রী সূর্যঘর যোজনায় শূন্য বিদ্যুৎ বিল, দেশকে বিশ্বের তৃতীয় বৃহত্তম অর্থনীতিতে নিয়ে যাওয়া প্রভৃতির উল্লেখ রয়েছে এই 'সংকল্পপত্রে'।

নয়াদিল্লীতে দলের সদর দপ্তরে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বরিষ্ঠ বিজেপি নেতা রাজনাথ সিং, অমিত শাহ, জে. পি. নাড্ডা, নির্মলা সীতারামন এবং অন্যান্য নেতৃবর্গ।

**************

**Amit Saha:**

বিজেপি দলের বরিষ্ট নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল  রাজ্যে পৌছেছেন। আজ কুমারঘাটের পুর্ত দপ্তর সংলগ্ন ময়দানে নির্বাচনী জনসভায় তাঁর  ভাষন রাখার কথা রয়েছে। সেখানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সহ দলের অন্যান্য বরিষ্ঠ নেতৃবৃন্দ।

************

আগরতলা শহরকে নো ফ্লাই জোন – রেড জোন ঘোষণা:

প্রধানমন্ত্রী আসন্ন আগরতলা সফরকে কেন্দ্র করে পুরো আগরতলা শহর এবং প্রধানমন্ত্রীর সভাস্থল এলাকাকে 'নো ফ্লাই জোন-রেড জোন হিসেবে  ঘোষণা করা হয়েছে। জনসাধারণের নিরাপত্তার লক্ষ্যে পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক  ডা. বিশাল কুমার আজ ১৪৪ ধারায় এই আদেশ জারি করেছেন। এই আদেশে আগরতলা শহর, জনসভার স্থান ও তার চারপাশ, ভিভিআইপিদের আসা – যাওয়ার রাস্তার উপর ড্রন বা অন্য কোনও চালকবিহীন  কিংবা স্বয়ংক্রিয় উড়ো যান চালানোর উপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে। এই নিষেধাজ্ঞা আগামী ১৬ এপ্রিল এবং ১৭ এপ্রিল তারিখে কার্যকর থাকবে। এই নিষেধাজ্ঞা অমান্য করলে আইপিপি সির ১৮৮ ধারায় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

************

**State Level Sangrain Festival:**
14/04/24

দক্ষিণ জেলার বাইখোড়ার কং মগ পাড়ায় আজ থেকে শুরু হচ্ছে দুইদিনের রাজ্যভিত্তিক সংগ্রাই উৎসব। এই উৎসবের সূচনা

করবেন মনুবনকুলের ধার্মাদ্বীপা স্কুল ও ধার্মাদ্বীপা আন্তর্জাতিক বৌদ্ধ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা ভেন ধামাপ্রিয়া। ২ দিনের অনুষ্ঠানে রাজ্যের বিভিন্ন প্রান্তের মগ নৃত্য শিল্পীরা সাংগ্রাই নৃত্য পরিবেশন করবেন। প্রসঙ্গত, সাংগ্রাই উৎসব হল মগদের বর্ষ বিদায় ও বর্ষবরনের উৎসব।

***********

Anniversary program organized by Deartment of Information Culture :

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে গতকাল সন্ধ্যায় বর্ষবরণ ১৪৩১ বঙ্গাব্দ উদযাপন করা হলো সুভাষ পার্ক কালীবাড়ি মাঠ প্রাঙ্গনে| জেলা ভিত্তিক এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের বরিষ্ঠ তথ্য আধিকারিক বিশ্বজিৎ বনিক সহ অন্যান্যরা| এই উপলক্ষ্যে বিভিন্ন ধরনের সাংস্কৃতিক অনুষ্ঠানের অয়োজন করা হয়। খোয়াইয়ের দশটিরও বেশী সাংস্কৃতিক সংস্থা এই অনুষ্ঠানে অংশগ্রহন করে।

বাংলা নববর্ষ উপলক্ষ্যে দক্ষিন জেলার বাইখোরায় জগন্নাথ ওয়েলফেয়ার সোসাইটির উদ্যোগে গতকাল সন্ধ্যায় সেখানকার কমিউনিটি হলে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করেন ইস্কনের প্রধান পরিচালক করুনেশ্বর দাস ব্রম্মচারী সহ অন্য অতিথিরা। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীরা অংশগ্রহণ করে।

************

**Basanti Puja:**

পাঁচদিনব্যাপী বাসন্তী পূজা গতকাল থেকে শুরু হয়েছে। ষষ্ঠী পূজার মধ্য দিয়ে রাজ্যের নানাস্থানে এই উৎসবের সূচনা হয়। আগরতলার দূর্গাবাড়ি সহ বিভিন্ন সামাজিক সংস্থা ও বাড়িঘরেও এই পুজো অনুষ্ঠিত হচ্ছে।

***************

**ECI:**

গ্রীষ্মকালে স্বাভাবিকের চেয়ে বেশি তাপমাত্রা থাকার সতর্কতা জারি করেছে দেশের আবহাওয়া দপ্তর। জুন মাস পর্যন্ত এই দাবদাহ থাকবে। এই সময়েই সাধারণ নির্বাচনের পরিপ্রেক্ষিতে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের কাছে নির্দেশিকা পাঠিয়েছে ভারতের নির্বাচন কমিশন।

ভোট কেন্দ্রগুলোতে তাপপ্রবাহ মোকাবিলায় প্রয়োজনীয় সুবিধা ও পরিকাঠামো রাখার নির্দেশ দেওয়া হয়েছে। জাতীয় বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষের পক্ষ থেকে তাপপ্রবাহ মোকাবিলায় কি করণীয় এবং কি করা উচিত নয়, সেই বিষয়গুলিও উল্লেখ করা হয়েছে। ভোটদাতা এবং ভোটকর্মী সবার জন্যই এই নির্দেশিকা জারি হয়েছে।

***************

**Weather:**

আবহাওয়ার পূর্বাভাসে বলা হয়েছে আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ সাঁইত্রিশ ডিগ্রি এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে।

************

*******